

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.০০১.২৫. ২৭২২

তারিখ: ২০/০৩/২০২৫

প্রতি

নির্বাহী প্রকৌশলী (সকল)


স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

জেলা:

বিষয়: জেলায় কর্মরত নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলীগণ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আসন্ন পবিত্র ঈদুল ফিতর এর সরকারি ছুটিতে কর্মস্থল ত্যাগ না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলা পর্যায়ে কর্মরত নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলীগণকে সরকারি কাজের স্বার্থে আসন্ন পবিত্র ঈদুল ফিতর এর সরকারি ছুটিতে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ দেওয়া হলো। উল্লেখ্য, কোন কর্মকর্তার পবিত্র ঈদুল ফিতরের সরকারি ছুটিতে কর্মস্থল ত্যাগের বিশেষ প্রয়োজন হলে একই কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলীর মধ্যে অন্তত একজন কর্মকর্তার কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থানের বিষয়টি নিশ্চিত না করে ও সদর দপ্তরের পূর্বানুমতি গ্রহণ না করে এবং পূর্বানুমতি নিয়েও ১৭-০৩-২০২৫খ্রি. তারিখের পূর্বে কোন অবস্থায় কর্মস্থল ত্যাগ করা যাবে না। তাছাড়া একই কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলীর মধ্যে একই কর্মকর্তা বাৎসরিক দুইটি ঈদ অর্থাৎ পবিত্র ঈদুল ফিতর এবং ঈদুল আজহা'র মধ্যে শুধুমাত্র একটিতে অনুমোদন সাপেক্ষে কর্মস্থল ত্যাগ করতে পারবেন। কর্মস্থল ত্যাগ করার পূর্বে ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। তাঁদের অনুপস্থিতিতে যদি কোন দুর্ঘটনা/নিরাপত্তা বিঘ্নিত হয় তাহলে তারা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এছাড়া সকল কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট জেলার বাহিরে ব্যক্তিগত প্রয়োজনে সরকারি গাড়ি ব্যবহার না করার জন্যও নির্দেশ দেওয়া হলো।

এই আদেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোঃ বেলাল হোসেন)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,.....বিভাগ,
- (২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....অঞ্চল,
- (৩) সিনিয়র সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলা:.....
- (৪) সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলা:.....